*Total number of printed pages : 12*

**19E MBEN**

# 2019

# BENGALI

(MODERN INDIAN LANGUAGE)

**(NEW & OLD COURSE)**

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

***The figures in the margin indicate full marks for the questions.***

| GROUP–A (NEW COURSE) | |
|---|---|
| Page Nos. 1 – 5 | Q. Nos. 1 – 10 |
| GROUP–B (OLD COURSE) | |
| Page Nos. 6 – 12 | Q. Nos. 1 – 11 |

**NEW COURSE**

| | | |
|---|---|---|
| *Q. No.* **1** *carries* **1** *mark each* | | 1×12=12 |
| *Q. No.* **2** *carries* **2** *mark each* | | 2×5=10 |
| *Q. No.* **3** *carries* **2** *marks each* | | 2×5=10 |
| *Q. No.* **4** *carries* **2** *marks each* | | 2×1=02 |
| *Q. No.* **5** *carries* **4** *marks each* | | 4×3=12 |
| *Q. No.* **6** *carries* **4** *marks each* | | 4×2=08 |
| *Q. No.* **7** *carries* **4** *marks each* | | 4×2=08 |
| *Q. No.* **8** *carries the following marks* | | |
| | *(a)* | 3×2=06 |
| | *(b)* | 6×1=06 |
| *Q. No.* **9** *carries the following marks* | | |
| | *(a)* | 4×1=04 |
| | *(b)* | 6×1=06 |
| *Q. No.* **10** *carries the following marks* | | |
| | *(a)* | ½×4=02 |
| | *(b)* | ½×4=02 |
| | *(c)* | ½×4=02 |
| | *(d)* | 1×5=05 |
| | *(e)* | 1×5=05 |
| | | Total = 100 |

**OLD COURSE**

| | | |
|---|---|---|
| *Q. No.* **1** *carries* **1** *marks each* | | 1×10=10 |
| *Q. No.* **2** *carries* **2** *marks each* | | 2×3=06 |
| *Q. No.* **3** *carries* **3** *marks each* | | 3×2=06 |
| *Q. No.* **4** *carries* **3** *marks each* | | 3×2=06 |
| *Q. No.* **5** *carries* **4** *marks each* | | 4×1=04 |
| *Q. No.* **6** *carries* **5** *marks each* | | 5×2=10 |
| *Q. No.* **7** *carries* **4** *marks* | | 4×2=08 |
| *Q. No.* **8** *carries* **5** *marks* | | 5×2=10 |
| *Q. No.* **9** *carries* **5** *marks* | | 5×2=10 |
| *Q. No.* **10** *carries the following marks* | | |
| | *(a)* | 1×4=04 |
| | *(b)* | 1×5=05 |
| | *(c)* | 1×5=05 |
| | *(d)* | 1×5=05 |
| *Q. No.* **11** *carries the following marks* | | |
| | *(a)* | 1×6=06 |
| | *(b)* | 1×5=05 |
| | | Total = 100 |

## GROUP–A

**(For New Course)**

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও ১×১২=১২

(ক) প্রথম ভারতীয় মহিলা ঔপন্যাসিকের নাম কী?

(খ) শূন্যস্থান পূর্ণ করো ঃ 'ফুল ফুটুক না ফুটুক আজ ———'।

(গ) 'ইচ্ছাপূরণ' গল্পে কে পিতা ও পুত্রের ইচ্ছাপূরণ করেছিলেন?

(ঘ) চাকমা ভাষায় ঈশ্বরকে কী বলে?

(ঙ) 'কেউ কথা রাখেনি' কবিতায় উল্লিখিত রাস-উৎসবের আয়োজন হয়েছিল কাদের বাড়িতে?

(চ) 'আহার ও পানীয়' রচনাটি কোন গ্রন্থ থেকে সংকলিত?

(ছ) কত খ্রিস্টাব্দে 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থটি প্রকাশিত হয়?

(জ) কবি জসীমুদ্দিনের 'নক্সীকাঁথার মাঠ' গ্রন্থটি কে ইংরেজিতে অনুবাদ করেন?

(ঝ) 'ভাড়াটে চাই' নাটকটি কবে প্রকাশিত হয়?

(ঞ) 'ভাড়াটে চাই' নাটকের বাড়িওয়ালার নাম কী?

(ট) শীলা চক্রবর্তী কিসের নাচ জানে?

(ঠ) পর্তুগিজ ভাষা থেকে আগত *যে কোনো একটি* শব্দের উদাহরণ দাও।

২। ***যে কোনো পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) শৈলর বাপের বাড়ি কোথায় ছিল? সেখানে তাদের কত পুরুষের বাস?

(খ) মহেশকে কে কোন খোঁয়াড়ে প্রেরণ করেছিল?

(গ) অস্ট্রিক জাতির *যে কোনো দুটি* চরিত্র লক্ষণের উল্লেখ করো।

(ঘ) 'ও কে, বড় বৌ?'—বক্তা কে? কার বিষয়ে বক্তা জানতে চেয়েছে?

(ঙ) 'কপাটি' খেলায় রবীন্দ্রনাথ ঠাকুর কোন শব্দের উল্লেখ করেছেন? সুশীলের খেলার সঙ্গীদের নাম কী কী?

(চ) 'আদাব' গল্পের সুতাকলকর্মী ও নৌকার মাঝির বাড়ি কোথায়?

৩। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর লেখো। ২×৫=১০

(ক) বৃন্দাবন দাস কার শিষ্য ছিলেন? তিনি গুরুদেবের কত তম শিষ্য ছিলেন?

(খ) বন্যার সময় টৌলের কী অবস্থা হয়?

(গ) 'মোচড়িয়া গোঁফ দুটা বান্ধিলেন ঘাড়ে।' —কে এবং কেন গোঁফ দুটো ঘাড়ে বেঁধেছিল?

(ঘ) 'মায়াতরু' কবিতায় চার রকমের ছবি কী কী?

(ঙ) 'কেউ কথা রাখেনি' কবিতাটি সুনীল গঙ্গোপাধ্যায়ের কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত? তেত্রিশ বছর বয়সে এসে কবির উপলব্ধি কী?

(চ) 'চাঁদ-চম্পার কাছে'।—এখানে 'চাঁদ' ও 'চম্পা' শব্দ দুটি কোন্ বিশেষ অর্থে ব্যবহৃত হয়েছে?

৪। উত্তর দাও ঃ *(যে কোন একটি)* ২×১=২

(ক) ভূপেনবাবুর ঘরে কার শোকসভার আয়োজন করা হয়েছিল? সেই সময় কে কবিতা পাঠ করেছিল?

(খ) কোন যাত্রাপার্টি কেন ভূপেনবাবুর ঘর ভাড়া নিতে চায়?

৫। নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ *(যে কোন তিনটি)* ৪×৩=১২

(ক) দুধ-সাগর পার করার সময় মাহ্ লক্‌খী-মাকে কারা সাহায্য করেছিল? তিনি তাদের কী কী বর দিয়েছিলেন?

(খ) কামরূপের শাসননীতি অনুসারে মহামাত্য, মহাদ্বারাধিপতি, মহাপ্রতিহার ও মহাধর্মাধ্যক্ষের কাজ কী ছিল?

(গ) খাদ্য হিসেবে ডালের গুরুত্ব বোঝাতে গিয়ে বিবেকানন্দ কী বলেছেন?

(ঘ) টীকা লেখো ঃ *(যে কোন দুটি)*

তর্করত্ন মহাশয়, পঞ্চ মহাশব্দ, সমরেশ বসু।

৬। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতার ৪ টে গাছ, ৩ টে পাখি ও ১ টি নদীর নাম উল্লেখ করো।

(খ) 'বছিরদ্দির ঘুম ভেঙে যায়'— কেন বছিরদ্দির ঘুম ভেঙে যায়? তারপর সে কী করে?

(গ) টীকা লেখো — *(যে কোনো দুটি)*

আগমনী, ধর্মের ষাঁড়, নারায়ণী দেবী।

৭। সপ্রসঙ্গ ব্যাখ্যা কর ঃ ৪

(ক) 'শয়ন কুৎসিত বীরের ভোজন বিটকাল

ছোট গ্রাস তোলে যেন তেয়াটিয়া তাল'।

*অথবা*

'মৃত্যুর কোলে মানুষকে শুইয়ে দিয়ে তারপর তুলে—

যে দিনগুলো রাস্তা দিয়ে চলে গেছে যেন না ফেরে।'

(খ) 'যে তোমার দেওয়া মাঠের ঘাস, তোমার দেওয়া তেষ্টার জল তাকে খেতে দেয়নি, তার কসুর তুমি যেন কখনো মাপ ক'রো না।' ৪

*অথবা*

"বলি সব রাজার ঝি'রা। ননদ দু'দিন মাত্র থাকতে এসেছে তাকে না পুড়িয়ে মনস্কামনা সিদ্ধি হ'ল না।"

৮। (ক) উত্তর দাও ঃ ***(যে কোন দুটি)*** ৩×২=৬

*(i)* সুশীলচন্দ্র কে? ইচ্ছাপূরণের পর তার অনুভূতি কী রকম হয়েছিল—বুঝিয়ে লেখো।

*(ii)* 'তাসের ঘর' নামকরণের সার্থকতা নির্ণয় করো।

*(iii)* দাঙ্গার প্রেক্ষাপটে সমরেশ বসুর 'আদাব' গল্পটি নিজের ভাষায় বর্ণনা কর।

(খ) উত্তর দাও ঃ ***(যে কোন একটি)*** ৬

*(i)* বর্ষায় লোকের অবস্থা যেমন হয় তা 'বর্ষায় লোকের অবস্থা' কবিতা অবলম্বনে আলোচনা করো।

*(ii)* 'বৈষ্ণবী মায়া' কবিতাংশটি কোন্ কাব্যগ্রন্থ থেকে গৃহীত? এখানে চোরদ্বয়ের অভিপ্রায় ও কার্যকলাপ বর্ণনা করো।

৯। উত্তর দাও ঃ

(ক) 'হঠাৎ দাদা বুলি ধরছেন যে বড়?'—কে, কেন 'দাদাবুলি' ধরেছেন? তাঁর চরিত্রের কোন্ দিকগুলি নাটকে প্রকাশিত হয়েছে? ৪

*অথবা*

'রিহার্সেলের সময় ডিসটার্ব করবেন না'—কে, কাকে এই পরামর্শ দিয়েছে? কোন্ প্রসঙ্গে বক্তা উক্তিটি করেছে? তাদের উদ্দেশ্য কীভাবে ব্যর্থ হলো?

(খ) 'ভাড়াটে চাই' নাটকে বাড়ীওয়ালা ভূপেনবাবুর চরিত্রটি বিশ্লেষণ করে দেখাও। ৬

*অথবা*

মিঃ গুপ্তের কুকুরগুলোর পরিচয় কী? তিনি কোন্ উদ্দেশ্য নিয়ে ঘর ভাড়া চাইতে এসেছিলেন? তাঁর উদ্দেশ্য সফল হয়নি কেন?

১০। নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(ক) পদ পরিবর্তন করো ঃ *(যে কোন চারটি)* ১/২×৪=২

অণু, নগর, কিশোর, লোক, নীল, তাপ।

(খ) নিচের শব্দগুলো কোন শ্রেণির শব্দ? *(যে কোন চারটি)* ১/২×৪=২

বায়ু, ঢেউ, দারোগা, চা, ল্যাম্প, কুপন।

(গ) অশুদ্ধি সংশোধন করো ঃ *(যে কোন চারটি)* ১/২×৪=২

বিদ্যান, ভৌগলিক, স্বরস্বতী, পুরষ্কার, পরিনাম, মধ্যাহ্ন।

(ঘ) প্রত্যয় নির্ণয় করো ঃ *(যে কোন পাঁচটি)* ৫

চলন্ত, লড়াই, ভারতীয়, লাজুক, ঝাড়ন, বাবুয়ানা।

(ঙ) *যে কোনো পাঁচটি* কারক-বিভক্তি নির্ণয় করো ঃ ৫

*(i)* **দুধে** মাখন আছে।

*(ii)* **ক্ষুধার্তকে** খাদ্য দাও।

*(iii)* **সুগন্ধে** ঘর ভরে গেছে।

*(iv)* **ডাক্তার** ডাকো।

*(v)* **মেঘে** বৃষ্টি হয়।

*(vi)* গীতাঞ্জলি **রবীন্দ্রনাথের** রচিত।

———×———

## GROUP–B

### (For Old Course)

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×১০=১০

(ক) 'বাল্যলীলা' পদটির রচনাকারের নাম লেখো।

(খ) ফিনল্যান্ডের অধিবাসী কারা?

(গ) শূন্যস্থান পূর্ণ কর ঃ

'জীবন-প্রবাহ বহি ——— পানে ধায়।'

(ঘ) কালীকান্ত চট্টোপাধ্যায় ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায়কে কী সম্বোধন করতেন?

(ঙ) জয়কালী দেবীর স্বামীর নাম কী ছিল?

(চ) 'মধু বাতা ঋতায়তে' পাঠটির লেখক কে?

(ছ) কত খ্রিস্টাব্দে অসমে ভয়ংকর ভূমিকম্প সংঘটিত হয়েছিল?

(জ) অখিল নিয়োগীর ছদ্মনাম কী?

(ঝ) 'সুন্দর মুখের সর্বত্র জয়'। —এটা কার উক্তি?

(ঞ) 'অভিসার সংসদ'-এর প্রেসিডেন্ট কে ছিলেন?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ ২×৩=৬

(ক) 'আঠারো বছর বয়স যে দুর্বার
পথে প্রান্তরে ছোটায় বহু তুফান'।
'দুর্বার' এবং 'প্রান্তর' শব্দের অর্থ লেখো।

(খ) হীরার খনির সন্ধানী দুজন বিদেশীর নাম লেখো।

(গ) 'নারে পাগলা অসুখ আমার মনে'। —'পাগলা' বলতে কাকে বোঝানো হয়েছে? কার মনে অসুখ?

৩। ***যে কোনো দুটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) 'ক্ষুধা পেলে চাওঞা খাইও পথপানে চাহি যাইও
অতিশয় তৃণাঙ্কুর পথে।'
—'তৃণাঙ্কুর' শব্দের অর্থ কী?

মাতা যশোদা কেন শ্রীকৃষ্ণকে সাবধানে পথ চলতে বলেছেন?

(খ) 'এ তিনের ছল সম ছল রে কু-আশার'—এই তিনটি ছলনার কথা বুঝিয়ে লেখো।

(গ) 'ত্রিদিবে দেবতা নাও যদি থাকে,
ধরায় দেবতা নহিলে নয়।'
—'ত্রিদিব' শব্দের অর্থ কী? কবি কেন একথা বলেছেন?

৪। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) কলকাতায় এসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোন পাঠশালায় শিক্ষালাভ করেন? সেটি কোথায় অবস্থিত ছিল? তাঁর সহপাঠী কারা ছিলেন?

(খ) 'লন্ডন ও আমস্টার্ডামের বাজারে এমন হীরা নেই'—কে, কোন প্রসঙ্গে উক্তিটি করে?

(গ) ফিনল্যান্ডের বিখ্যাত সংগীত স্রষ্টার নাম কী? তিনি কী রচনা করেছিলেন? তাঁর সংগীতে কিসের বেদনা আছে?

৫। উত্তর দাও ঃ

(ক) 'আহার বন্ধ হইল শুনিয়া দাসী মোক্ষদা কাতরকণ্ঠে ছলছল নেত্রে বালককে ক্ষমা করিতে অনুনয় করিল'—কার আহার বন্ধ হয়েছিল? সে কী অপরাধ করেছিল? তার জন্য সে কার কাছ থেকে কী শাস্তি পেয়েছিল? ৪

*অথবা*

'কোনো দূর দেশের খুব কাছে যাওয়ার ভালো একটা উপায় আছে।'
—উপায়টি কী? কোন প্রসঙ্গে কথাটি বলা হয়েছে বুঝিয়ে দাও।

৬। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও ঃ

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অনুসরণে রাইমণির চরিত্র চিত্রণ করো। ৫

*অথবা*

'চাঁদের পাহাড়' পাঠ অবলম্বনে শঙ্করের কালাহারি মরুভূমি অতিক্রমের কাহিনী সংক্ষেপে বর্ণনা করো।

(খ) 'আঠারো বছর বয়স' কবিতায় কবি এই বয়সের বৈশিষ্ট্যগুলোকে যেভাবে উল্লেখ করেছেন তা বিশ্লেষণ করো। ৫

*অথবা*

'আত্মবিলাপ' কবিতায় মধুসূদন দত্তের প্রেম-অর্থ-যশলাভের ব্যর্থতার দিকগুলো আলোচনা করো।

৭। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও ঃ

(ক) 'দুর্যোগ ব্যবস্থাপনা' বলতে কী বোঝায়? 'দুর্যোগ ব্যবস্থাপনা চক্র'টিকে চিত্রের মাধ্যমে প্রদর্শন করে দেখাও। ৪

*অথবা*

ভূমিকম্পের সময় কী কী সাবধানতা অবলম্বন করা উচিত? তার *অন্তত চারটি* উল্লেখ করো।

(খ) 'দিনলিপি' শব্দের অর্থ কী? পাঠে উল্লিখিত বিভূতিভূষণের দিনলিপিটির নাম কী? এটি কত খ্রিস্টাব্দে গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল? তিনি গ্রন্থটি কাকে উৎসর্গ করেছিলেন? ৪

*অথবা*

'পৃথিবীতে আজ লক্ষ লক্ষ হেক্টর অরণ্যভূমি বিনষ্ট হয়ে চলেছে। বিলুপ্ত হচ্ছে হাজার হাজার জীব বৈচিত্র্য, অরণ্য প্রকৃতি সম্ভার।'—লেখকের অনুসরণে মন্তব্যটি বিশ্লেষণ করো।

৮। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ

(ক) "তুমি তার মাঝে ধাইও সঙ্গছাড়া না হইও
মাঠে বড় রিপুভয় আছে।" ৫

*অথবা*

"এ বয়স জেনো ভীরু, কাপুরুষ নয়
পথ চলতে এ বয়স যায় না থেমে,
এ বয়সে তাই নেই কোনো সংশয়—
এ দেশের বুকে আঠারো আসুক নেমে।"

(খ) 'সুইডেন থেকে স্টীমারে মজার ব্যবস্থা — বাজনা বাজছে, নিসান উড়ছে।' ৫

*অথবা*

'পল্লীর সকলের সঙ্গেই তাঁহার যোগ ছিল অথচ তাঁহার মতো অত্যন্ত একাকিনী কেহ ছিল না।'

৯। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) "এবার আর রাজপুত্র নয়, এখন অক্ষম পিতার ভূমিকায় অভিনয় করতে যাবো"
—কার উক্তি? বক্তার এ ধরনের উক্তির কারণ বুঝিয়ে লেখো।

(খ) "মাঝে মাঝে এমন বুদ্ধির পরিচয় দিস যে, আমি অবধি হকচকিয়ে যাই"—
কে হকচকিয়ে যায়? মাঝে মাঝে কার বুদ্ধির পরিচয়ের কথা বলা হয়েছে? এই চরিত্রটি সম্পর্কে সংক্ষেপে লেখো।

(গ) টীকা লেখো ঃ

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এবং গণপতি কাঞ্জিলাল।

১০। নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(ক) ণত্ববিধি ও ষত্ববিধির সূত্র নির্দেশ করে অশুদ্ধি সংশোধন করো ঃ *(যে কোনো চারটি)* ১×৪=৪

মৃন্ময়, অপরাহ্ন, কন্টক, বৃন্ত, কৃসক, দুর্ণাম।

(খ) *যে কোনো পাঁচটি* কারক-বিভক্তি নির্ণয় করো ঃ ১×৫=৫

*(i)* রবীন্দ্রনাথ বিশ্বকবি।

*(ii)* জলে কুমীর ডাঙায় বাঘ।

*(iii)* তিনি **সমিতিতে** অনেক টাকা দিয়েছেন।

*(iv)* এ **কলমের** লেখা ভারী সুন্দর।

*(v)* **ঘর** পালিয়ে বেড়াও কেন?

*(vi)* **নদীতে** জল আনতে যাচ্ছে।

*(vii)* **পুলিশে** খবর দাও।

(গ) চলিত ভাষায় রূপান্তরিত কর ঃ ১×৫=৫

*(i)* "আমি ভাবিলাম, এখনই ঝুলি ঘাড়ে দ্বারে একটা আপদ আসিয়া উপস্থিত হইবে, আমার সপ্তদশ পরিচ্ছেদ আর শেষ হইবে না।"

*(ii)* সকল কথোপকথন মনুষ্যে শুনিতে পায় না, আমি কেবল আফিমপ্রসাদাৎ দিব্যকর্ণ পাইয়াই এ সকল শুনিতেছিলাম।

*(iii)* নিদ্রাভঙ্গে লজ্জাবতী দেখিল, তাহার ঘরের দেওয়াল সূর্যকিরণে ঝিক্‌ঝিক্ করিতেছে; ভাবিল কতই না জানি বেলা হইয়া গিয়াছে।

*(iv)* লোকটা অভাবে পড়িয়াছে জানিবামাত্রই বিদ্যাসাগর সেই অভাব মোচন না করিয়া থাকিতে পারিতেন না।

*(v)* আহার প্রস্তুত হয় নাই — এজন্য হুঁকাহাতে, নিমীলিত লোচনে আমি ভাবিতেছিলাম যে, আমি যদি নেপোলিয়ান হইতাম, ওয়াটার্লু জিতিতে পারিতাম কি না।

(ঘ) নিম্নলিখিত শব্দগুলোর থেকে *যে কোন পাঁচটির* ***দুটি*** করে সমার্থক শব্দ লেখো ঃ ১×৫=৫

সূর্য, পৃথিবী, বায়ু, গৃহ, সাপ, ঘোড়া।

১১। ভাবসম্প্রসারণ করো ঃ

(ক) ‘শুধু আপনারি দেশে সমাদর রাজা বাদশার, ৬

গুণীর আদর মান সব ঠাঁয়ে এই দুনিয়ার।’

*অথবা*

“পথের প্রান্তে আমার তীর্থ নয়

পথের দুধারে আছে মোর দেবালয়।”

(খ) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৫

ঈশ্বরকে জানার একান্ত ইচ্ছায় অবশেষে বিবেকানন্দ, শ্রীরামকৃষ্ণ পরমহংসের নিকট আসেন। পরে তিনি দীক্ষা নিয়ে সন্ন্যাসী হন। নাম হয় স্বামী বিবেকানন্দ। (পূর্বনাম) নরেন্দ্রনাথ দত্তের নবজন্ম বিবেকানন্দে।

শ্রীরামকৃষ্ণের দেহত্যাগের পর তিনি সারা ভারত ঘুরে বেড়িয়েছেন। সে সময় আমেরিকার শিকাগো শহরে বিশ্বধর্ম মহাসম্মেলন হয়। বহু কষ্টে সেখানে উপস্থিত হয়ে তিনি ভারতের বেদান্তের বাণী ঘোষণা করেন। সেখানে উপস্থিত পণ্ডিতেরা মুগ্ধ হয়েছিলেন। দেশে ফিরে এসে বিবেকানন্দ তাঁর অন্য গুরুভাইদের নিয়ে ‘রামকৃষ্ণ মিশন’ গঠন করেছিলেন। মিশনের উদ্দেশ্য মানুষের সেবা করা। বিবেকানন্দ বলতেন, ‘জীবে প্রেম করে যেইজন সেইজন সেবিছে ঈশ্বর’।

প্রশ্নাবলি ঃ

(ক) বিবেকানন্দ কেন শ্রীরামকৃষ্ণের কাছে আসেন?

(খ) বিবেকানন্দের পূর্বনাম কী ছিল?

(গ) বিশ্বধর্ম মহাসম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়েছিল?

(ঘ) বিবেকানন্দ বিশ্বধর্ম মহাসম্মেলনে গিয়ে কী করেছিলেন?

(ঙ) ‘রামকৃষ্ণ মিশন’ কবে গঠিত হয়?

*অথবা*

আবার আসিব ফিরে, ধানসিড়িটির তীরে — এই বাংলায়

হয়তো মানুষ নয় — হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে

হয়তো ভোরের কাক হ’য়ে এই কার্তিকের নবান্নের দেশে

কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল ছায়ায়
হয়তো বা হাঁস হবো-কিশোরীর-ঘুঙুর রহিবে লাল পায়,
সারাদিন কেটে যাবে কল্‌মীর গন্ধ ভরা জলে ভেসে-ভেসে
আবার আসিব আমি বাংলার নদী-মাঠ খেত ভালোবেসে
জলাঙ্গীর ঢেউয়ে ভেজা বাংলার এ সবুজ করুণ ডাঙ্গায়ে
হয়তো দেখিবে চেয়ে সুদর্শন উড়িতেছে — সন্ধ্যার বাতাসে;
হয়তো শুনিবে এক লক্ষ্মী পেঁচা ডাকিতেছে শিমূলের ডালে;
হয়তো খইয়ের ধান ছড়াতেছে শিশু এক উঠানের ঘাসে;
রূপসীর ঘোলা জলে হয়তো কিশোর এক শাদা ছেঁড়া পালে
ডিঙা বায়, — রাঙা মেঘ সাঁতরায়ে অন্ধকারে আসিতেছে নীড়ে,
দেখিবে ধবল বক ঃ আমারেই পাবে তুমি ইহাদের ভিড়ে —

প্রশ্নাবলি ঃ

(ক) কবি পরের জন্মে কোথায় ফিরে আসতে চান?

(খ) ভোরের কাক হয়ে কখন কোথায় তিনি আসবেন?

(গ) লক্ষ্মীপেচাঁ হয়ে কোথায় বসে থাকবেন কবি?

(ঘ) রূপসীর ঘোলা জলে কবি কি করবেন?

(ঙ) ধবল বককে কিভাবে নীড়ে আসতে দেখা যাবে?

———×———